

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বাগেরহাট
আইসিটি শাখা



জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	মোহাম্মদ আজিজুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২০-০২-২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময়	১২:৪৫ টা।
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসন, বাগেরহাট।
উপস্থিতি	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট, সহকারী কমিশনার, আইসিটি শাখা, উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বাগেরহাট, শিল্প নগরী কর্মকর্তা (বিসিক), বাগেরহাট।

সভাপতি জেলা ইনোভেশন কমিটির উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ এর সকল অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য সকল সদস্যের প্রতি আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ : সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।	১.১. কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হয়।	
২. সভাপতি মহোদয় বর্তমান করোনা অতিমারির সময়ে জনসাধারণের সেবা কার্যক্রম গতিশীল ও সহজলভ্য করার নিমিত্ত নতুন উদ্যোগ গ্রহণসহ চলমান উদ্যোগসমূহ যথাযথভাবে তদারকির মাধ্যমে প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার আহ্বান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	২.১ নতুন উদ্যোগ গ্রহণসহ চলমান উদ্যোগসমূহ যথাযথ তদারকির মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার, সকল, বাগেরহাট ও জেলা পর্যায়ের অফিস প্রধান সকল।
৩. সহকারী কমিশনার, আইসিটি সভায় জানান যে, বাগেরহাট জেলায় ইনোভেশন কার্যক্রমের গতি আরো বৃদ্ধি করে সুনির্দিষ্ট জনবান্ধব ইনোভেশ প্রকল্প গ্রহণ করে তা বাস্তবে রূপ দিতে হবে। পাশাপাশি চলমান প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য উৎসাহ দান এবং সহযোগিতা প্রদানের জন্য নিজ নিজ দপ্তর হতে উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.১ নতুন উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার, সকল, বাগেরহাট ও জেলা পর্যায়ের অফিস প্রধান সকল।



মোহাম্মদ আজিজুর রহমান

জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৬.০০২.১৬.২২

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বাগেরহাট।
- ৫) জেলা..... কর্মকর্তা (সকল), বাগেরহাট
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট/বাগেরহাট/মোংলা/রামপাল/বাগেরহাট সদর/বাগেরহাট
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট (এপিএ ও ওয়েবপোর্টালে আপলোড করার জন্য)।



মোহাম্মদ আজিজুর রহমান

জেলা প্রশাসক